

# রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীর উন্নীতকরণ

## সরলীকৃত আবশ্যকীয় তথ্য

১৯৫১ সনের রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীতে বা ১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রি) এর পূর্বে প্রকাশিত যে কোন ভোটার তালিকায় বা ১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রি) এর পূর্বে প্রদান করা অন্যান্য গ্রহণযোগ্য নথিসমূহের যে কোন একটিতে যেসব ব্যক্তি বা তাদের বৎসরদের নাম অন্তর্ভুক্ত আছে অর্থাৎ যেসব ব্যক্তি বা তাদের বৎসরগণ ১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রি) এর পূর্বে অসমে বসবাস করাটা প্রমাণিত হয়েছে সেসব ব্যক্তিদের নাম অন্তর্ভুক্ত করে এই রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী (এন আর সি) উন্নীতকরণ করা হচ্ছে। অন্যান্য গ্রহণযোগ্য নথিগুলোর নাম নিম্নে উল্লেখ করা হলঃ

- |  |   |
|--|---|
| ১) ভূমিস্বত্ত্বের/রায়তীস্বত্ত্বের নথিপত্র | ৭) সরকার দ্বারা প্রদত্ত অনুজ্ঞাপত্র/প্রমাণপত্র            |
| ২) নাগরিকত্বের প্রমাণপত্র                  | ৮) সরকারী/সার্বজনীন খণ্ডের নিযুক্তি সম্পর্কীয় প্রমাণপত্র |
| ৩) স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র (পিআরসি)   | ৯) বেংক/ডাকঘরের হিসাবের নথিপত্র                           |
| ৪) শরণার্থী পঞ্জীয়ন প্রমাণপত্র            | ১০) জন্মের প্রমাণপত্র                                     |
| ৫) পারপত্র (পাসপোর্ট)                      | ১১) বোর্ড/বিশ্ববিদ্যালয়ের শিক্ষাগত প্রমাণপত্র            |
| ৬) ভারতীয় জীবন বীমা নিগমের বীমা পলিসি     | ১২) আদালতের নথি/আদালতের প্রক্রিয়াজনিত নথি                |

ওপরোক্ত নথিসমূহ ছাড়াও নিম্নলিখিত নথিসমূহ সমর্থনমূলক নথি হিসাবে গণ্য করা হবে -

- (১) বিবাহ সূত্রে স্থানান্তরিত মহিলাদের সন্দর্ভে রাজস্ব আধিকারীক/গ্রাম পঞ্চায়েতের সচিবের দ্বারা প্রদত্ত প্রমাণপত্র।
- (২) ১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রি) এর পূর্বে প্রদান করা রেশন কার্ড।



এই রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীতে নাম অন্তর্ভুক্তির জন্য দুটি শর্তের প্রয়োজন - (১) ১৯৭১ সনের পূর্বের নথিপত্রে ব্যক্তির নামের উল্লেখ এবং (২) সেই নথি-পত্রে উল্লেখিত ব্যক্তির সঙ্গে নিজের যোগসূত্রের প্রমাণ। এন আর সিতে নাম অন্তর্ভুক্ত করতে নাগরিকদের (প্রতি পরিবারের জন্য) আবেদনপত্র জমা করতে হবে।

### এন আর সি উন্নীতকরণের বিষয়ে অন্যান্য গুরুত্বপূর্ণ তথ্য :

- আবেদনপত্র জমা দেওয়া এবং জমা দেওয়ার তারিখ সম্পর্কে পৃথকভাবে প্রচার মাধ্যমে বিজ্ঞাপন প্রকাশ করা হবে।
- ১৯৫১ সনের এন আর সি বা ১৯৭১ সনের পূর্বের ভোটার তালিকাসমূহে নাম, বয়স আদি ভুলভাবে ছাপা হয়ে থাকলেও আবেদনকারীগণ ক্ষেত্র পর্যায়ের পরীক্ষণের সময় প্রকৃত ব্যক্তির সংগে সম্পর্কের যোগসূত্র স্থাপনের পর্যাপ্ত সুবিধা পাবেন।
- ১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রি) এর পূর্বে যে কোন সময়ের গ্রহণযোগ্য নথিপত্র এন আর সিতে নাম অন্তর্ভুক্তির যোগ্যতা অর্জনের জন্য পর্যাপ্ত হবে। মাত্র ১৯৬৬ সনের ভোটার তালিকাই গ্রহণযোগ্য হবে এধরণের অপপ্রচার সম্পূর্ণ ভিত্তিইন।
- ১৯৫১ সনের এন আর সি এবং ১৯৭১ সনের ২৪ মার্চ (মধ্যরাত্রি) এর পূর্বের ভোটার তালিকাগুলোকে একসঙ্গে লিগেসি ডাটা বলা হয়।